




## পাকিস্তানের কূটনৈতিক ভূমিকার প্রশংসা করলেন চীনের প্রেসিডেন্ট



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান আলোচনায় মধ্যস্থতাকারী হিসেবে পাকিস্তানের ভূমিকা ইতিবাচক বলে মন্তব্য করেছেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। সম্প্রতি আন্তর্জাতিক সংবাদমাধ্যম রয়টার্সের এক প্রতিবেদনে জানানো হয়, চীনে সফররত পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের সঙ্গে বৈঠকে তিনি এ অভিমত প্রকাশ করেন। শি জিনপিং বলেন, ইরান সফরের মাধ্যমে পাকিস্তান আঞ্চলিক শান্তি প্রতিষ্ঠার প্রচেষ্টায় যে ভূমিকা রেখেছে, তা প্রশংসার যোগ্য। তার মতে, সংঘাত কমাতে ইসলামাবাদের উদ্যোগ গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

বৈঠকে পাকিস্তানের সেনাবাহিনীর প্রধান ফিল্ড মার্শাল আসিম মুনীরও উপস্থিত ছিলেন। তিনি সম্প্রতি তেহরানে ইরানের নেতৃত্বের সঙ্গে আলোচনা করেছেন বলে জানা গেছে। বিশ্লেষকদের ধারণা, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার কূটনৈতিক প্রক্রিয়ায় পাকিস্তানের ভূমিকা ধীরে ধীরে আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। এর আগেও যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে ইসলামাবাদের মধ্যস্থতামূলক অবস্থানের প্রতি ইতিবাচক মন্তব্য করা হয়েছিল।